ফোনঃ ৮৮-০২-৯৫৫৫১৩৩
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৫১০৭৩

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone: 88-02-9555133
Fax: 88-02-9551073

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/২৩৩

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

## "দপ্তরাদেশ"

বর্তমানে দেশে বন্যা পরিস্থিতি বিরাজমান থাকায় পানি উন্নয়ন বোর্ডের বাঁধ ভেঙ্গে জানমাল, ফসল, সেচ খালের ডাইক এবং অন্যান্য অবকাঠামোসহ জন-গুরুত্বপূর্ণ স্থাপনার ক্ষতি হতে পারে কিংবা বন্যা পরবর্তী সময়ে জরুরী সার্ভিস পূনঃ প্রতিষ্ঠার প্রয়োজন হতে পারে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সদর দপ্তরসহ মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে এরূপ বন্যা পরিস্থিতি মোকাবেলা করতে হবে। মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে স্থানীয় জেলা প্রশাসক এবং স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বন্যা মোকাবেলায় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশ প্রদান করা হলো। বন্যাজনিত কারণে সম্ভাব্য বিপর্যয় হতে রক্ষায় তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় জরুরী ব্যবস্থা গ্রহণের স্বার্থে বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারীকে স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করতে হবে।

২। বন্যাজনিত সম্ভাব্য দূর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে অত্র আদেশ জারীর তারিখ হতে আগষ্ট/২০১৯ খ্রিঃ পর্যন্ত বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে সকল প্রকার ছুটি (হজ্জব্রত পালনের নিমিত্ত ছুটি ব্যতীত) মঞ্জুর স্থগিত রাখাসহ তাদের সদর দপ্তর ত্যাগ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। একান্ত অত্যাবশ্যকীয় ক্ষেত্রে শাখা কর্মকর্তা থেকে প্রধান প্রকৌশলী পর্যন্ত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট অতিরিক্ত মহাপরিচালক এর অনুমোদনক্রমে ছুটি গ্রহণ/সদর দপ্তর ত্যাগ করতে হবে।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(আব্দুল খালেক)
সচিব
বাপাউবো, ঢাকা।
পরিচিতি নম্বর-৬৩০১২০০০১
টেলিফোন ৯৫৫৫১৩৩

স্মারক নং- পাউবো(সচি)/প্রশাসন-২/১ম-১৮/৮২(৬ষ্ঠ খন্ড)/২৩৩(১০০)

তারিখ: ৩০ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ
১৪ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১. প্রধান প্রকৌশলী/প্রধান অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রধান/নিয়ন্ত্রক(অর্থ, হিসাব ও নিরীক্ষা) (সকল)...............................................................................................
২. পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক (সকল)........................................
৩. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। সকল ইলেকট্রিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. চীফ ষ্টাফ অফিসার টু মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল),...................................................................................
৬. উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, .........................................................................
৭. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আইসিটি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে (www.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. ব্যক্তিগত সহকারী টু অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন)/সচিব, বাপাউবো, ঢাকা।
৯. অফিস কপি/মাষ্টার কপি।

(সৈয়দ মাহবুবুল হক)
উপ-সচিব (প্রশাসন)
পরিচিতি নম্বর-৬৭০৪০৩০০২
টেলিফোন ৯৫৬১৯৫৯
bwdbmahbub@gmail.com